যুগান্তর

24 APR 2016
২৪ ৪

# বিশ্ব গণমাধ্যমে রাবি শিক্ষক হত্যার খবর

যুগান্তর ডেস্ক

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ইংরেজি বিভাগের অধ্যাপক ড. এএফএম রেজাউল করিম সিদ্দিকীকে কুপিয়ে হত্যার ঘটনা দেশীয় গণমাধ্যমের পাশাপাশি আন্তর্জাতিক গণমাধ্যমেও গুরুত্বের সঙ্গে প্রকাশ করা হয়েছে। ঘটনার পরপরই খবরটি ছড়িয়ে পড়ে বিভিন্ন আন্তর্জাতিক গণমাধ্যমে। অধিকাংশ পত্রিকার অনলাইন ও সংবাদ সংস্থার প্রধান সংবাদ হিসেবে এ খবর প্রকাশ করা হয়। ব্রিটেনের প্রভাবশালী সংবাদমাধ্যম বিবিসি 'বাংলাদেশে বিশ্ববিদ্যালয় অধ্যাপককে কুপিয়ে হত্যা' শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশ করে।

প্রতিবেদনে বলা হয়, বাংলাদেশে বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপককে কুপিয়ে হত্যা করা হয়েছে। পুলিশ বলছে, অতীতে একই ধরনের হামলায় বেশ কয়েকজন ধর্মনিরপেক্ষ ব্লগার খুন হয়েছেন।

রয়টার্সে প্রকাশিত সংবাদে বলা হয়, সন্দেহভাজন ইসলামী জঙ্গিরা কুপিয়ে বাংলাদেশের এক বিশ্ববিদ্যালয় শিক্ষককে হত্যা করেছে। দুই থেকে তিনজন আক্রমণকারী মোটরসাইকেলে এসে রেজাউল করিম নামের ওই শিক্ষকের ওপর হামলা চালায় এবং তার গলা কেটে ও কুপিয়ে হত্যা করে।

কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা 'বাংলাদেশে অধ্যাপককে কুপিয়ে হত্যা' শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশ করে। এতে পুলিশের বরাত দিয়ে বলা হয়, অজ্ঞাত দুর্বৃত্তদের হামলায় বাংলাদেশে বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক খুন হয়েছেন। অতীতে ব্লগার ও অনলাইন অ্যাকটিভিস্ট হত্যাকাণ্ডের সঙ্গে এ হত্যার মিল রয়েছে। আল জাজিরা আরও বলছে, ২০১৩ সালের পর থেকে কয়েকজন স্যেকুলার ব্লগার ও অনলাইন অ্যাকটিভিস্ট হত্যায় স্থানীয় হামলাকারীদের দায়ী করা হয়।

ভারতের প্রভাবশালী সংবাদমাধ্যম এনডিটিভি 'বাড়ির কাছে বাংলাদেশী অধ্যাপক রেজাউল করিমকে কুপিয়ে হত্যা' শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশ করেছে। ওই প্রতিবেদনে বলা হয়েছে, শনিবার সকালে বাংলাদেশের উত্তর-পশ্চিমাঞ্চলে বাড়ির কাছে অজ্ঞাত দুর্বৃত্তরা একজন অধ্যাপককে কুপিয়ে হত্যা করেছে।

ভারতীয় সংবাদমাধ্যম হিন্দুস্থান টাইমসে প্রকাশিত সংবাদে বলা হয়, বাংলাদেশের এক বিশ্ববিদ্যালয় শিক্ষককে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। পুলিশের বরাতে বলা হয়, ধারণা করা হচ্ছে, ইসলামী জঙ্গিরা এ হামলা চালিয়েছে।

পাকিস্তানের সংবাদমাধ্যম ডনে প্রকাশিত সংবাদে বলা হয়, শনিবার সন্দেহভাজন মুসলিম জঙ্গিরা বাংলাদেশের এক বিশ্ববিদ্যালয় শিক্ষককে কুপিয়ে হত্যা করেছে। এ সময় হত্যাকারীরা ধারালো অস্ত্র ব্যবহার করে এবং হত্যার পরপরই পালিয়ে যায়।

এ ছাড়া পাকিস্তানের এক্সপ্রেস ট্রিবিউন, ভারতের টাইমস অব ইন্ডিয়া, ব্রিটেনের দ্য গার্ডিয়ান, অস্ট্রেলিয়ার এবিসি নিউজসহ বিশ্বের বিভিন্ন দেশের সংবাদমাধ্যম গুরুত্বের সঙ্গে রাবি শিক্ষক রেজাউল করিমকে কুপিয়ে হত্যার খবর প্রকাশ করেছে।